


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

“বিজ্ঞপ্তি”

তারিখ: ০২/০৫/২০১৬খ্রি:

সকল বিভাগীয় প্রধান ও শিক্ষকবৃন্দকে জানানো যাচ্ছে যে, ইডেন মহিলা কলেজে এ মূহর্তে ০৩টি পাবলিক পরীক্ষা চলছে। পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সকল শিক্ষকের সহযোগিতা একান্ত প্রয়োজন। পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্নলিখিত নির্দেশনাবলী মেনে চলার জন্য সংশ্লিষ্ট সম্মানিত শিক্ষকদের অনুরোধ করা হলো:

১. কোন প্রত্যবেক্ষক বিভাগীয় প্রধানের অনুমতি ব্যতিরেকে ডিউটি পরিবর্তন করতে পারবেন না, কারণ ডিউটিসমূহ বিভাগীয় প্রধানের স্বাক্ষরে পরীক্ষা কমিটির কাছে প্রেরণ করা হয়।
২. যদি একান্ত প্রয়োজনে ডিউটি পরিবর্তন করতে হয় তবে বিভাগীয় প্রধানের মাধ্যমে অবশ্যই সমমর্যাদার শিক্ষকের নাম প্রেরণ করতে হবে।
৩. দুপুরের খাবার ও নামাজ আদায়ের জন্য কোন শিক্ষকই পরীক্ষার হলের বাইরে অধিক সময় অবস্থান করবেন না।
৪. পরীক্ষা কমিটি যাকে যেখানে ডিউটি নির্ধারণ করে দিবে তাঁকে সেখানেই ডিউটি করতে হবে।
৫. পরীক্ষা পরিচালনায় সহযোগিতা করা সকলের দায়িত্ব, এটি একাডেমিক কার্যক্রমের একটি অপরিহার্য অংশ। এ কাজে অবহেলা প্রদর্শন অসদাচরণ বলে গণ্য হবে।

  
( প্রফেসর গায়ত্রী চ্যাটার্জী )  
অধ্যক্ষ  
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

বিতরণ:

- ১। প্রফেসর ড. শামসুন নাহার, উপাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
- ২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
- ৩। আহ্বায়ক, ওয়েবসাইট পরিচালনা কমিটি, ইডেন মহিলা কলেজ, ঢাকা।  
\*বিজ্ঞপ্তিটি কলেজ ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।